# প্রতিবেদন

## বার্ষিক সাধারণ সভা- ২০২৪

**স্থানঃ ইনস্টিটিউশন অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, (আইডিইবি) কাকরাইল, ঢাকা।**

**তারিখঃ ১৭ মে ২০২৪**
**সময়ঃ সন্ধ্যা ৬:৩০ মিঃ**




**সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা**
৪৪ এফ/৭ (৪র্থ তলা), রংগন টাওয়ার, পশ্চিম পান্থপথ, ঢাকা
Facebook: SatkhiraZJS, Website: www. satkhirazilasamity.org

মাদকনির্ভরশীলদের চিকিৎসায় আর্দশপ্রতিষ্ঠান


# আহ্ছানিয়া মিশন মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র

www.amic.org.bd


www.amdtc.org.bd






## আমাদের চিকিৎসা পদ্ধতি




- অভিজ্ঞ ও মাদকাসক্তি চিকিৎসা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত সাইকোলজিস্ট এর ত্বত্তাবধানে কাউন্সেলিং সেবা প্রদান।
- মনোরোগ বিশেষজ্ঞের তত্ত্বাবধানে মানসিক স্বাস্থ্য সেবা প্রদান।
- মনোসামাজিক শিক্ষাসহ দীর্ঘমেয়াদী আধুনিক চিকিৎসা ও পুনর্বাসন সেবা।
- স্বাস্থ্য সম্মত নিরাপদ পরিবেশ।
- চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি গোপন রাখা হয়।
- সম্পূর্ন কেন্দ্রটি দক্ষ স্টাফ দ্বারা পরিচালিত।
- ধূমপান ও তামাকমুক্ত চিকিৎসা কেন্দ্র।
- কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা ২৪ ঘন্টা সিসি ক্যামেরার মাধ্যমে পর্যবেক্ষণ করা হয়।

বাড়ি : ১৫২, ব্লক : ক, পিসি কালচার হাউজিং সোসাইটি, শ্যামলী, ঢাকা-১২০৭
মোবাইল : ০১৭৪৮৪৭৫৫২৩, ০১৭৭৭৭৫৩১৪৩

# শোক বার্তা



## সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা এর সভাপতি খলিলুল্লাহ ঝড়ু'র মৃত্যুতে শোক বার্তা

উপকূলীয় জনপদের মানুষের আশ্রয়স্থল, গরিব অসহায় বানভাসি মানুষের বন্ধু সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা এর সভাপতি মো: খলিলুল্লাহ ঝড়ু গোপালগঞ্জ স্ট্রোকে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)। ৪ঠা ডিসেম্বর সোমবার রাত ৯টার দিকে ঢাকা থেকে ফেরার পথে গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাকে গোপালগঞ্জ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।


একজন মৎস ব্যবসায়ী, সংগঠক, সমাজ সেবক সদা হাস্যোজ্জ্বল ও সকলের প্রিয় মুখ মো: খলিলুল্লাহ ঝড়ু'র মৃত্যুতে গোটা সাতক্ষীরায় নামে শোকের ছায়া। আইলার সময় ছুটে বেড়াতেন শ্যামনগরের পথে-প্রান্তরে। আইলা পরবর্তী সকল দূর্যোগ-দূর্বিপাকে এই মানুষটি কোন রাজনৈতিক দলের জনপ্রতিনিধি না হয়েও ছুটে গিয়েছেন সবার আগে এবং সকলকে সংগঠিত করে কাজের অনুপ্রেরণা যুগিয়েছেন। নিজে স্বপ্ন দেখতেন, অন্যদের দেখাতেন। দলমত নির্বিশেষে সবাইকে সময় দিতেন, কথা বলতেন, সহায়তা করতেন। দিল খোলা মানুষ ছিলেন তিনি।

মো: খলিলুল্লাহ ঝড়ু'র মৃত্যুতে সাতক্ষীরাজুড়ে নেমে এসেছে শোকের ছায়া। অনেকে শোক প্রকাশ করেছেন সামাজিক মাধ্যমগুলোয়। সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকার শোকবার্তায় লিখেছেন, জনপ্রিয় এই মানুষটির মৃত্যুর খবরে সকলে মর্মাহত। তার কাজের জন্য তাকে চিরকাল মনে রাখব আমরা। তার পরিবার ও অনুরাগীদের সমবেদনা জানাই।

তিনি সাতক্ষীরা জেলা সমিতির দুই মেয়াদের সভাপতি ছিলেন। আমরা এমন একজন ব্যক্তিকে হারিয়েছি যিনি সকলের মঙ্গলের জন্য যেকোন কাজের বিষয়ে সুস্পষ্ট পরামর্শ দিতে কখনও দ্বিধা করেননি, সেপরামর্শ অন্যের কাছে যত অগ্রহণযোগ্যই হোক না কেন। তার মত স্পষ্টভাষী আরেকজন মানুষ পাওয়া আমাদের জন্য খুব কঠিন হবে। জীবনের শেষ দিন পর্যন্ত তিনি সেভাবেই কাটিয়েছেন। আমরা মহান আল্লাহ তাআলা এর কাছে তার রূহ এর মাগফেরাত কামনা করছি, তাকে জান্নাতুল ফেরদৌস দান করুন এবং তার পরিবারকে এই ক্ষতি সহ্য করার ধৈর্য দান করুন।

**সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা**

# সাতক্ষীরা জেলা সমিতি ঢাকা-এর প্রতিষ্ঠাতা



## হযরত খানবাহাদুর আহ্ছানউল্লা (র.)

জন্ম : ডিসেম্বর ১৮৭৩ সাল
মৃত্যু : ফেব্রুয়ারি ১৯৫৬

# সাতক্ষীরা জেলা সমিতি ঢাকা-এর পথ প্রদর্শক




## জাতীয় অধ্যাপক ডাঃ এম. আর. খান

(একুশে প্রদকপ্রাপ্ত ও শিশু বন্ধু)

জন্ম : ০১-০৮-১৯২৮ ইং

মৃত্যু : ০৫-১১-২০১৭ ইং



বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# প্রধান উপদেষ্টার বাণী

**অধ্যপক ড. গোলাম রহমান**
**প্রধান উপদেষ্টা**

সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা প্রতিষ্ঠালগ্ন থেকে ঢাকাস্থ সাতক্ষীরাবাসীর জন্য বিভিন্ন সামাজিক কাজের মধ্য দিয়ে এলাকাবাসীকে ঐক্যবদ্ধ করেছে। দীর্ঘ পথ পরিক্রমায় সাতক্ষীরার অনেক মানুষের সক্রিয়তা ও সহযোগিতা এই সমিতিকে সমৃদ্ধ করেছে। আমরা জানি দেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলের মানুষ হিসেবে অনেক সিমাবদ্ধতার মধ্যদিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। বর্তমানে সমিতির জীবন সদস্য সংখ্যা প্রায় তেরশতর কাছাকাছি, যা আশানুরুপ না হলেও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই কার্যবর্ষেও অনেক ঢাকাস্থ সাতক্ষীরাবাসী জীবন সদস্য হয়েছে। আমরা আশাকরছি এই ধারাবাহিকতা অব্যহত থাকবে।

ঢাকার পাশাপাশি সাতক্ষীরা জেলা জন্য সমিতির দায়িত্বও কর্তব্য অনেক বেশি। জেলার সার্বিক উন্নতির জন্য মহাপরিকল্পনা আশু প্রয়োজন। সেই সাথে গ্রামীন পরিকল্পনা একান্ত দরকার। যা সমিতির সদস্যগণ সম্মিলিত ভাবে করতে পারে। এবার খুব আনন্দের বিষয় যে আমাদের সমিতি বার্ষিক সাধারণ সভার পাশাপাশি ঈদ পুনর্মিলনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। এই অনুষ্ঠানের মধ্যদিয়ে সমিতির এক নতুন মাত্রা পেয়েছে বলে আমি মনে করি।

অত্যন্ত দুঃখের বিষয় এই কার্যবর্ষের সভাপতি মো: খলিলুল্লাহ ঝড়ু'র আকস্মিক মৃত্যু। আমি তার আত্মার মাগফেরাত কামনা করছি এবং তার পরিবারের প্রতি গভীর শোক জ্ঞাপন করছি।

আমি বর্তমান উপদেষ্টা, কার্যনির্বাহী পরিষদকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। তাদের হাত ধরেই সমিতি এগিয়ে যাচ্ছে ও যাবে। এছাড়াও সকল জীবন সদস্য যারা এখানে উপস্থিত হয়ে সমিতিকে সমৃদ্ধ করেছেন তাদের সবাইকে প্রাণঢালা ধন্যবাদ ও শুভেচ্ছা জানাই।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম



**রফিকুল ইসলাম খান**
**সভাপতি (ভারপ্রাপ্ত)**

# ভারপ্রাপ্ত সভাপতির বক্তব্য

উপস্থিত প্রধান উপদেষ্টা, উপদেষ্টাবৃন্দ, সাবেক সভাপতিবৃন্দ ও জীবন সদস্যবৃন্দ আসসালামু আলাইকুম।

সর্ব প্রথমে গভীর শ্রদ্ধার সাথে স্বরণ করছি এই সমিতির সাবেক সভাপতি মরহুম জনাব এম খলিলুল্লাহ ঝড়ুকে। তার আকস্মিক মৃত্যুতে আমরা গভীর শোকাহত। আমি তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

আপনাদেরকে আন্তরিক শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন জানাচ্ছি। সাতক্ষীরা জেলা সমিতি বাংলাদেশের একটি প্রাচীন সংগঠন। এই সমিতির আজ অনেক জীবন সদস্য । ইংরেজি ১৯৪৬ সালে হজরত খানবাহাদুর আহছানউল্লা (র.) কলকাতায় বসে এ সমিতির শুভ সূচনা করেছিলেন। তিনি চেয়েছিলেন ঢাকায় বসবাসকারী সাতক্ষীরার কর্মজীবী মানুষ মিলেমিশে নিবির বন্ধনে আবদ্ধ হোক। আজ সেটাই হচ্ছে।

বর্তমানে সমিতির একটি নিজস্ব ঠিকানা হয়েছে, প্রায় ১৪০০ জন জীবন সদস্য হয়েছে, ৩৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ একটি নির্বাহী কমিটি কাজ করছে। ২৯ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ রয়েছে, পৃষ্ঠপোষক ও দাতা সদস্য রয়েছেন অনেক। তা ছাড়া ব্যাংকে ফিকসড ডিপোজিট হিসাবে একটি ফান্ড রয়েছে অর্থ্যাৎ সমিতি এখন আর পিছিয়ে নেই। সমিতিতে এখন অনেক কাজ। কাজ করতে পারলে সমিতির উজ্জ্বল ভবিষ্যৎ হাতছানি দিয়ে ডাকছে। সেক্ষেত্রে আমরা সাতক্ষীরাবাসী সবাই মিলে স্বাচ্ছন্দে এগুয়ে আসতে পারি। আমি আহবান করবো আসুন সবাই এক সঙ্গে মিলিত হয়ে হাতে হাত রেখে পথ চলি, সামনে এগিয়ে যাই।

সমিতি বিগত দিনে শিক্ষার্থীদের একাধিক বার বৃত্তি প্রদান করে এসেছে। এ বৎসরও আমরা পূর্বের ন্যায় শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করতে আগ্রহী। এ ব্যাপারে আমরা আপনাদের সহযোগিতা কামনা করছি।

অত্র সমিতির সাথে আমি প্রায় ২৫ বছর যাবৎ সম্পৃক্ত থেকে নির্বাহী কমিটির বিভিন্ন দায়িত্ব পালন করেছি। এ বছর শুরুতে এই সমিতির সভাপতি মরহুম জনাব এম খলিলুল্লাহ ঝড়ুর আকস্মিক মৃত্যুতে আমাকে এই সমিতির সভাপতি (ভারপ্রাপ্ত) হিসাবে হাল ধরতে হয়ছে। আমাদের সাবার প্রাণ প্রিয় সাতক্ষীরা জেলা সমিতির সম্মানিত সদস্যবৃন্দ এবং আমার সহযোগীবৃন্দ বিগত দিনের ন্যায় উপদেষ্টামন্ডলী এবং কার্যকরী পরিষদের সম্মানীত সদস্যদের সক্রিয় সহযোগিতা কামনা করছি। বিনয় অবনত চিত্তে আপনাদের জানাই শতকোটি সালাম। আজকের এই সাধারন সভা-২০২৪ এবং ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান সুন্দর হোক, সফল হোক সার্থক হোক। আসুন সবাই মিলে এই প্রার্থনা করি। সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি। সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন। আল্লাহ্‌ হাফেজ।



**ইকবাল মাসুদ**
**সাধারণ সম্পাদক**

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪

সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা ২০২৩-২৪ ইংরেজি বর্ষের এই বার্ষিক সাধারণ সভায় সভাপতির আসনে সমাসীন ভারপ্রাপ্ত সভাপতি জনাব রফিকুল ইসলাম খান, সমিতির প্রধান উপদেষ্টা, উপদেষ্টাবৃন্দ, পৃষ্ঠপোষকবৃন্দ, নির্বাহী কমিটির সদস্য ও জীবন ও সাধারণ সদস্যবৃন্দ। মহান আল্লাহর অশেষ রহমতে বিগত বছরের ন্যায় এবারও আমরা সমিতির বার্ষিক সাধারণ সভায় মিলিত হতে পেরেছি। এজন্যে আল্লাহর কাছে শুকরিয়া আদায় করছি। অনেক ব্যস্ততার মাঝেও আপনারা এই সভায় উপস্থিত হয়েছেন সেজন্য আমরা সবিশেষ আনন্দিত ও সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

সাধারণ সম্পাদক হিসেবে আমি প্রতিবেদন উপস্থাপনের আগে সাতক্ষীরা জেলা সমিতির ২০২৩-২৪ কার্যবর্ষের সভাপতি জনাব খলিলুল্লাহ ঝড়ু, সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা এর জীবন সদস্য কাজী ইকবাল হোসেন, মজমুর রহমান খান ছবিসহ আরো যারা ইন্তেকাল করেছেন তাদের স্মরণে শোক প্রস্তাব করছি ও এক মিনিট নিরবতা পালন করার জন্য অনুরোধ জানাচ্ছি। সভাপতির মৃত্যুতে যথা সময়ে বার্ষিক সাধারণ সভা না করতে পারায় দু:খ প্রকাশ করছি।

এখন সংক্ষিপ্ত ভাবে সমিতির বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করতে যাচ্ছি। ৩ ফেব্রুয়ারি ২০২৩ পর থেকে বর্তমান পর্যন্ত প্রতিবেদন এক সাথে পেশ করছি।

## উপদেষ্টা পরিষদ ও প্রধান পৃষ্ঠপোষক নির্বাচন

সমিতির দ্বিতীয় সভায় ২ মার্চ ২০২৩ সমিতির নির্বাহী কমিটির সদস্যদের সকলের সম্মতিতে প্রধান উপদেষ্টা হিসেবে অধ্যাপক ড. গোলাম রহমানকে সমিতির প্রধান উপদেষ্টা এবং জনাব মোশারফ হোসেনকে প্রধান পৃষ্ঠপোষক মনোনিত করা হয়। পরবর্তি নির্বাহী কমিটির সভায় ১৫ জনকে উপদেষ্টা মনোনিত করা হয়।

## কার্যনির্বাহী পরিষদের সদস্যদের বার্ষিক চাঁদা নির্ধারণ:

উপস্থিত সকল সদস্যদের আলোচনায় ও সর্বসম্মতিতে নির্বাহী কমিটির সদস্যদের বার্ষিক চাঁদা ৫,০০০ টাকা হারে অনুমোদিত হয়।

## ইফতার মহফিল আয়োজনঃ





গত ২ মার্চ ২০২৩ সন্ধ্যায় কাকরাইলস্থ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর নিচতলার মাল্টিপারপাস হলে ইফতার ও দোয়া মহফিলের আয়োজন করা হয়। উক্ত ইফতার মহফিলে সমিতি উপদেষ্টা সংসদ সদস্য মীর মোস্তাক আহমেদ রবি, সাবেক সংসদ সদস্য ইঞ্জিঃ মুজিবুর রহমানসহ সমিতির প্রধান উপদেষ্টা, অন্যান্য উপদেষ্টা, জীবন সদস্য ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ইফতার পূর্বে সমিতির প্রতিষ্ঠাতা হজরত খাবাহাদুর আহ্ছানউল্লা (র.) ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা ও ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। তাঁর জীবনীর উপর সংক্ষিপ্ত আলোচনা করেন সমিতির প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. গোলাম রহমান, উপদেষ্টা মোঃ আব্দুল মজিদ।

## সমিতির অফিসের জন্য নতুন টেবিল চেয়ার সংযোজনঃ

বহুদিনের পুরাতন ও ব্যবহার অনুপোযোগী টেবিল ও চেয়ার পরিবর্তন করা হয়। গত ২৩ মার্চ ২০২৩ সমিতির সভাপতি জনাব মোঃ খলিলুল্লাহ ঝড়ু সমিতির অফিসের জন্য তিন সেট উন্নতমানের টেবিল ও চেয়ার উপহার হিসেবে প্রদান করেন।

## স্বাস্থ্যসেবা বিভাগের সচিবের সাথে সাক্ষাতঃ

গত ১৭ এপ্রিল ২০২৩ সাতক্ষীরা জেলা সমিতির এক প্রতিনিধি দল স্বাস্থ্যসেবা বিভাগের সচিব আনোয়ার হোসেন হাওলাদার (সাবেক জেলা প্রশাসক সাতক্ষীরা) মহোদয়ের সাথ সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে বিভিন্ন বিষয়ের পাশাপাশি সাতক্ষীরা জেলায় স্বাস্থ্য সেবার আরো বাড়ানোর অনুরোধ ও মেডিকেল কলেজকে আরো আধুনিক করার অনুরোধ জানানো হয়।

## রেলমন্ত্রীর সাথে সাক্ষাত





গত ১৭ এপ্রিল সোমবার বেলা ১১ টায় রেলপথ মন্ত্রণালয়ে রেলমন্ত্রী রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজনের সাথে সাতক্ষীরা জেলা সমিতির এক প্রতিনিধি দলে সাক্ষাত করেন। প্রতিনিধি দলে ছিলেন সমিতি ঢাকার সাধারণ সম্পাদক ইকবাল মাসুদ, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক সফিকুল ইসলাম এবং নির্বাহী সদস্য আমিরুল ইসলাম মধু। এসময় সমিতির পক্ষ থেকে অনুরোধপত্র হস্তান্তর করা হয়। নাভারন-সাতক্ষীরা-মুন্সিগঞ্জ রেলপথ নির্মাণে সরকার আগ্রহের সাথে কাজ করছে বলে রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন প্রতিনিধি দলকে জানান। পরে মন্ত্রণালয় থেকে এক পত্রে সমিতিকে সরকারের অগ্রাধীকারের বিষয়ে লিখিত ভাবে অবহিত করে।

## সমিতির সভাপতির মৃত্যু ও ভারপ্রাপ্ত সভাপতি মনোনয়নঃ

সাতক্ষীরা জেলা সমিতির ২০২৩-২৪ কার্যবর্ষের সভাপতি জনাব খলিলুল্লাহ ঝড়ু গত ৪ ডিসেম্বর ২০২৩ তারিখ মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) সভাপতির মৃত্যুতে গঠনতন্ত্রের আলোকে প্রথম সহ-সভাপতি জনাব রফিকুল ইসলাম খান নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্বভার গ্রহন করেন।



## সমিতির সভাপতির মৃত্যুতে আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজনঃ

গত ২২ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় সমিতির কার্যালয়ে সমিতির সভাপতি মোঃ খলিলুল্লাহ ঝড়ু'র মৃত্যুতে আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম খান এর সভাপতিত্বে প্রধান উপদেষ্টা, উপদেষ্টাবৃন্দ, নির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও জীবন সদস্যবৃন্দ বক্তব্য রাখেন। দোয়া পরিচালনা করেন মাওলানা আব্দুর রাজ্জাক।

## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাথে সাক্ষাতঃ

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলা সাতক্ষীরা। বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের একটা বড় অংশ রয়েছে এ জেলায়। সাতক্ষীরার জেলার মোট আয়তন ৩ হাজার ৮৫৮.৩৩ বর্গকিলোমিটার। এর মধ্যে প্রায় এক-তৃতীয়াংশেরও (১ হাজার ৪৪৫.১৮ বর্গকিলোমিটার) বেশি সুন্দরবন। এই সুন্দরবনকে ঘিরে এ এলাকায় পর্যটন শিল্পের দারুণ সম্ভাবনা রয়েছে। জীব বৈচিত্র সুরক্ষা ও পরিবেশের ভারসাম্য বজায় রাখার মাধ্যমে বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের সুরক্ষা ও সুন্দরবনভিত্তিক ইকো-ট্যুরিজমকে আরো গতিশীল করতে মাননীয় মন্ত্রীর সুদৃষ্টি ও আশু পদক্ষেপ কামনা করে গত ২৩ জানুয়ারি ২০২৪ তারিখ সকালে সচিবালয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করা হয় এবং সাতক্ষীরা জেলা সমিতির পক্ষে চিঠি হস্তান্তর করা হয়।





## নবনির্বাচিত সংসদ সদস্যদের সাথে সাক্ষাত ও শুভেচ্ছা জানানোঃ

সাতক্ষীরা জেলা থেকে নির্বাচিত চার জন সংসদ সদস্য অধ্যাপক ডাঃ আ.ফ.ম রুহুল হক, জনাব ফিরোজ আহম্মেদ স্বপন, জনাব মোঃ আশরাফুজ্জামান, জনাব এস এম আতাউল হক এর সাথে সমিতির পক্ষ থেকে সাক্ষাত করা হয় ও ফুলের শুভেচ্ছা জানানো হয়। এ সময় সমিতির নেতৃবৃন্দ সাতক্ষীরা জেলার উন্নয়ন ও অগ্রগতি তরান্বিত করার অনুরোধ করেন।

## উপদেষ্টা পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের যৌথ সভা:



সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা-এর উপদেষ্টা ও কার্যনির্বাহী পরিষদের ১ম যৌথ সভা গত ২৯ মার্চ ২০২৪ তারিখ শুক্রবার বিকাল ৪.০০ ঘটিকায় সমিতি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব রফিকুল ইসলাম খান। এই সভায় প্রধান উপদেষ্টা, উপদেষ্টাবৃন্দ ও নির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সম্মানিত উপদেষ্টাবৃন্দ বিভিন্ন পরামর্শ প্রদান করেন, তার মধ্যে উল্লেখযোগ্য হলো- সাতক্ষীরা কেন্দ্রিক কার্যক্রম গ্রহন, উপদেষ্টাদের সাথে যোগাযোগের জন্য একজন ফোকাল পার্সন নির্ধারণ, প্রচারের জন্য সমিতির ওয়েব সাইট করা, জীবন সদস্য বৃদ্ধি করার উদ্যোগ গ্রহন, দরিদ্র ও মেধাবীদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান চলমান রাখা ইত্যাদি। এসব কার্যক্রম বাস্তবায়নে উপদেষ্টাবৃন্দ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। পরামর্শের আলোকে সমিতি ইতোমধ্যে কিছু কিছু উদ্যোগ গ্রহন করেছে।

## সমিতির ওয়েব সাইট তৈরী:

সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকার সদস্যবৃন্দের দীর্ঘ দিনের চাহিদার প্রেক্ষিতে সমিতির বর্তমান নির্বাহী কমিটি একটি ওয়েবসাইট তৈরী করেছে www.satkhirazilasamity.org সমিতির ওয়েব সাইট উন্নয়ণ কাজ বর্তমানে চলোমান আছে।



## সাতক্ষীরা জেলা নাগরিক অধিকার ও উন্নয়ন সমন্বয় কমিটি ও সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকার যৌথ উদ্যোগ:

গত ৬ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ৪ টায় লেক ভিউ কনভেনশন সেন্টার, সাতক্ষীরাতে সাতক্ষীরা উন্নয়ন সংলাপ ও সংবর্ধনা অনুষ্ঠান (সংসদ সদস্যবৃন্দদের) আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। দুই সংগঠন সাতক্ষীরার উন্নয়ন বিষয়ে সাতক্ষীরা ও ঢাকাতে যৌথ ভাবে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করে। সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা এর উপদেষ্টা পরিষদের সভায় বিষয়টি অবহিত করলে উপদেষ্টাবৃন্দ উদ্যোগের প্রশংসা করেন।

## আর্থিক সহযোগিতা প্রদান:

বাংলা চ্যানেল (টেকনাফ থেকে সেন্টমার্টিন) পাড়ি দেয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত মো: এমদাদ হোসেন নির্বাচিত হয়। তার রেজিস্ট্রেশন ফি ১৫,৬০০ টাকা, সমিতির জীবন সদস্য সিরাজুল ইসলাম ১৬,০০০ টাকা, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ পড়ুয়া সাতক্ষীরাস্থ ছাত্র/ছাত্রীদের ইফতারি মাহফিল আয়োজনের জন্য আর্থিক সহযোগিতা করা হয়। সমিতির নির্বাহী কমিটির সদস্যবৃন্দ এই সহযোগিতা প্রদান করেন।



### নতুন জীবন সদস্যঃ

এ কার্যবর্ষে মোট ৪৮ জন ঢাকাস্থ সাতক্ষীরাবাসী সাতক্ষীরা জেলা সমিতির জীবন সদস্য হয়েছে।

### সমিতির সম্মানিত প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, পৃষ্ঠপোষক, জীবন সদস্য ও সাধারণ সদস্যবৃন্দঃ

এতক্ষণ সমিতির ২০২৩-২৪ কার্যবর্ষের সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরনী আপনাদের সম্মুখে উপস্থাপন করলাম। সাতক্ষীরা জেলা সমিতির রেজিস্টার্ড ডাক যোগে আমন্ত্রণ পত্র ও নোটিশ পাঠানো হয়েছিল কিন্তু অনেক ঠিকানা সঠিক না থাকায় বা অনেক জীবন সদস্যের ঠিকানা পরিবর্তন হওয়ায় আমন্ত্রণ পত্র/নোটিশ ফেরত এসেছে। আপনাদের মাধ্যমে সকলের কাছে অনুরোধ জানাচ্ছি, যদি কারো ঠিকানা ও ফোন, মোবাইল নম্বর পরিবর্তন হয়ে থাকে তাহলে সংশোধনের জন্য আমাদের জানানোর জন্য। এবিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধৈর্য্য সহকারে আপনারা এতোক্ষণ শুনেছেন, সে জন্য আপনাদের কে ধন্যবাদ জানাই। গত ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণের সময় সমিতির সুনাম ও স্বার্থ অক্ষুন্ন রেখে দল মতের উর্দ্ধেথেকে দায়িত্ব পালনের শপথ গ্রহণ করেছিলাম। আমি তা পালনে সদা সচেষ্ট থেকেছি। সমিতির সকল উপদেষ্টাবৃন্দ, নির্বাহী সদস্যবৃন্দ, বিভিন্ন কমিটির সদস্যবৃন্দ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে এবং অক্লান্ত পরিশ্রম করেছে এজন্য সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই। মহান আল্লাহ তায়ালা সকলকে এরজন্য পুরস্কার এনায়েত করুন। আমিন!

**প্রতিবেদন উপস্থাপনে কোন ত্রুটি হলে ক্ষমা করবেন। আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।**

**ইকবাল মাসুদ**
সাধারণ সম্পাদক
সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা।
১৭ মে ২০২৪



বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# ট্রেজারারের কথা

**রেজাউল হক রেজা**
**ট্রেজারার**

সাতক্ষীলা জেলা সমিতি, ঢাকার সম্মানিত সদস্যবৃন্দ ২০২৩-২০২৪ কার্যবর্ষে আমাকে ট্রেজারার নির্বাচিত করায় আমি সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সমিতির বয়স প্রায় ৭৮ বছর। ১৯৪৬ সালে হজরত খানবাহাদুর আহ্‌ছানউল্লা (র.) এর হাত ধরে এ সমিতি যাত্রা শুরু করে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রাচীন জনপদ সাতক্ষীরার মানুষকে একত্রিত করার লক্ষে কাজ করে যাচ্ছে। এবছর আমরা সমিতির বার্ষিক সাধারণ সভা, ঈদ পুনর্মিলনী ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছি। এতোদসঙ্গে বার্ষিক সাধারণ সভায় সরকার অনুমোদিত অডিট ফার্ম দিয়ে ১ জানায়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত।

আগামীতে সমিতির কার্যক্রম বাস্তবায়নে আপনাদের সহযোগিতা প্রত্যাশা করছি এবং সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা'র সাফল্য কামনা করছি।

ইসলাম জাহিদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্ট

# সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা

সমিতির বর্তমান আর্থিক অবস্থান

০১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩

| বিবরণ | নোট | টাকা<br>৩১ ডিসেম্বর ২০২৩ |
|---|---|---|
| **সম্পত্তি** | | |
| কনফারেন্স টেবিল ক্রয় | | ৪০,০০০ |
| সমিতির নির্বাহি পরিষদের সদস্যদের মাসিক চাঁদা বকেয়া | ১.০০ | ৩৫২,৫০০ |
| শাহজালাল ইসলামী ব্যাংক , ধানমন্ডি শাখায় ফিক্সড ডিপোজিট হিসাবে জমা আছে | | ৬৫০,২৯৯ |
| শাহজালাল ইসলামী ব্যাংক ধানমন্তি শাখায় মুদারাবা সেভিংস ডিপোজিট এ্যাকাউন্টে জমা আছে | | ৫৫,৭৯৯ |
| শোক সভার অনুদান বকেয়া আছে | | ৬,০০০ |
| প্রাইম ব্যাংক পান্থপথ শাখায় জমা আছে | | ১২৯,১৫৮ |
| হাতে নগদ | | ৬,২৫৪ |
| **মোট সম্পত্তি** | | ১,২৪০,০০৯ |
| **তহবিল ও দায় সমূহ:** | | |
| সাধারণ তহবিল: | | |
| পূর্বের জের | | ৮৭৭,২০০ |
| যোগ: ব্যয় অতিরিক্ত আয় | | ৩৬২,৮০৯ |
| | | ১,২৪০,০০৯ |
| **মোট তহবিল ও দায় ঃ** | | ১,২৪০,০০৯ |

সভাপতি

সাধারণ সম্পাদক

**মো: জাহিদুল ইসলাম এফ সি এ**
তালিকাভুক্তি নং-১০০৮
কার্যনির্বাহী অংশীদার
**ইসলাম জাহিদ এন্ড কোং**
চার্টার্ড একাউন্ট্যান্টস্
এফ আর সি এনলিস্টমেন্ট নং: সি এ এফ-০০১-১৩১

ISLAM JAHID & CO. DHAKA CHARTERED ACCOUNTANTS

স্থান: ঢাকা, বাংলাদেশ ।
তারিখ: ০৫ মে ২০২৪ ইং

ইসলাম জাহিদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্ট

# সাতক্ষীরা জেলা সমিতি, ঢাকা

## আয়-ব্যয় হিসাব বিবরনী

০১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩

| বিবরণ | টিকা | টাকা<br>৩১ ডিসেম্বর ২০২৩ ইং |
|---|---|---|
| **ব্যয় সমূহ:** | | |
| বিদ্যুৎ বিল/সার্ভিস চার্জ | | ৯৪,৬০০ |
| অফিস সহকারীর বেতন- বোনাস | | ১০৪,০০০ |
| পিকনিক ২৩ বাবদ প্রদান | | ১,০৭১,৯২৮ |
| ইফতার ২৩ বাবদ প্রদান | | ২৩৩,৭১৫ |
| সাবেক সাধারণ সম্পাদক মো: সামছুল আলম মাধ্যম ডাইরেক্টরি বাবদ প্রদান | | ৮২,৬১০ |
| চিকিৎসা সহায়তা প্রদান | | ৫,৫০০ |
| ইসি মিটিং এ আপ্যায়ন বাবদ প্রদান | | ৬,৫৭১ |
| অফিস মেনটেনেন্স বাবদ প্রদান | | ৬,১৭০ |
| ব্যাংক এক্সাইজ ডিউটি | | ১৬০ |
| শোক সভা বাবদ প্রদান | | ৫৯,৪৮০ |
| অফিস প্রশাসনিক খরচ | | ১৫,০২৩ |
| বিনিয়োগের সুদের ধার্যকৃত কর | | ৫,১৩৮ |
| ব্যাংক চার্জ | | ১,৮৬৮ |
| মোট আয় ঃ | | ১,৬৮৬,৭৬৩ |
| **ব্যয় অতিরিক্ত আয়** | | ৩৬২,৮০৯ |
| মোট ঃ | | ২,০৪৯,৫৭২ |

সভাপতি

সাধারণ সম্পাদক

সংযোজিত জোড় তারিখের আমাদের পৃথক প্রতিবেদনের শর্তে স্বাক্ষরিত।

মো: জাহিদুল ইসলাম এফ সি এ
তালিকাভুক্তি নং-১০০৮
কার্যনির্বাহী অংশীদার
ইসলাম জাহিদ এন্ড কোং
চার্টার্ড একাউন্ট্যান্টস্
এফ আর সি এনলিস্টমেন্ট নং: সি এ এফ-০০১-১৩১

ISLAM JAHID & CO. DHAKA CHARTERED ACCOUNTANTS

স্থান: ঢাকা, বাংলাদেশ ।
তারিখ: ০৫ মে ২০২৪ ইং

## মাননীয় সংসদ সদস্যবৃন্দ (পদাদিকার বলে উপদেষ্টা)

অধ্যাপক ডাঃ আ ফ ম রুহুল হক, এমপি
জনাব ফিরোজ আহমেদ স্বপন, এমপি
জনাব আশরাফুজ্জামান আশু, এমপি
জনাব আতাউল হক দোলন, এমপি

## প্রাক্তন সভাপতিবৃন্দ উপদেষ্টা

**প্রকৌশলী এম এ জব্বার**
**প্রকৌশলী খলিলুর রহমান**
**শেখ শাফী আহমাদ**
**শেখ আনিসুর রহমান**
**মোহাম্মদ ফখরুদ্দিন**
**ডাঃ এম এ জলিল**
**মোহাম্মদ রেজওয়ান খান মুন্না**

## সম্মানিত প্রধান উপদেষ্টা

অধ্যাপক ড. প্রকৌশলী গোলাম রহমান

## উপদেষ্টাবৃন্দের তালিকা জীবন সদস্যের ক্রমমানুসারে

**বীরমুক্তিযোদ্ধা মীর মোস্তাক আহমেদ রবি**
সাবেক সংসদ সদস্য, সাতক্ষীরা-২
জীবন সদস্য নং: ৪১

**বীরমুক্তিযোদ্ধা প্রকৌশলী মুজিবুর রহমান**
সাবেক সংসদ সদস্য, সাতক্ষীরা-১
জীবন সদস্য নং: ৪৩

**ড. মোহাম্মদ আব্দুল মজিদ**
সাবেক সচিব এবং
সাবেক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
জীবন সদস্য নং: ৫৬

**অধ্যাপক ডাঃ এম.ফকরুল ইসলাম**
বিশিষ্ট ইউরোলজিস্ট
জীবন সদস্য নং: ১০২

**জনাব শেখ বশির আহমেদ**
ব্যাবস্থাপনা পরিচালক, শেলটেক প্রাইভেট লিমিটেড, পরিচালক, এনভয় গ্রুপ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, পরিচালক, আবাহনী ক্লাব লি:
জীবন সদস্য নং: ১৩২

**জনাব শেখ রফিকুল ইসলাম**
অতিরিক্ত সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জীবন সদস্য নং: ২২৮

**জনাব মো: আব্দুল জব্বার**
ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক
জীবন সদস্য নং: ২৯১

**অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান**
ঢাকা বিশ্ববিদ্যালয়
জীবন সদস্য নং: ৩১৯

**জনাব মো: ফারুক হোসেন**
মাননীয় জেলা জজ
জীবন সদস্য নং: ৬০৫

**জনাব মো: মুনির হোসেন**
পরিচালক, ভিরটেক্স গ্রুপ এবং
সহ-সভাপতি, এফবিসিসিআই
জীবন সদস্য নং: ৭৫৭

**জনাব শ্যামল কুমার**
(অ্যাডিশনাল ডিআইজি)
বাংলাদেশ পুলিশ
জীবন সদস্য নং: ৮৮৬

**অধ্যাপক ড. আবু ইউসুফ মোহাম্মাদ আব্দুল্লাহ**
বিশিষ্ট শিক্ষাবীদ ও চেয়ারম্যান,
নর্দান ইউনিভার্সিটি
জীবন সদস্য নং: ৯২৭

**অধ্যাপক ডাঃ কাজল কুমার কর্মকার**
কার্ডিওলজী বিভাগ
জাতীয় হৃদরোগ ইনিস্টিটিউট ও হাসপাতাল
জীবন সদস্য নং: ১১১৩

**জনাব মো: জাহিদুল ইসলাম,**এফসিএ
ম্যানেজিং পার্টনার
ইসলাম জাহিদ এন্ড কোং চাটার্ড একাউন্টেট
জীবন সদস্য নং: ১১২০

**জনাব মো: সাঈদ হোসেন**
বিশিষ্ট ব্যবসায়ী
জীবন সদস্য নং: ১১৫৪

## প্রধান পৃষ্ঠপোষক
(২০২০-২০২২ ইং কার্যবর্ষ)



ড. কাজী এরতেজা হাসান (সিআইপি)
জীবন সদস্য নং- ১১৩৯

## প্রধান পৃষ্ঠপোষক
(২০২৩-২০২৪ ইং কার্যবর্ষ)



মো: মোশাররফ হোসেন
জীবন সদস্য নং- ১১৬

# ইমারজেন্সী ফান্ডে অনুদানকারী পেট্রোনগণের তালিকা



শেখ মোয়াজ্জেম হোসেন
ডায়মন্ড পেট্রোন



প্রকৌশলী আবুল কাশেম
ডায়মন্ড পেট্রোন



ডাঃ দিলরুবা খানম
ডায়মন্ড পেট্রোন




অধ্যাপক ডাঃ এম. ফখরুল ইসলাম
ডায়মন্ড পেট্রোন



কাজী আব্দুল মজিদ
ডায়মন্ড পেট্রোন



জনাব মিজানুর রহমান
ডায়মন্ড পেট্রোন



ড. মোহাম্মদ সোহরাব উদ্দীন
সিলভার পেট্রোন



ড. মোঃ আব্দুল মজিদ
সিলভার পেট্রোন



ডাঃ এম.এ জলিল
সিলভার পেট্রোন

# দাতা সদস্যদের তালিকা



শেখ মোয়াজ্জেম হোসেন
সাতক্ষীরা সদর



মরহুম নজরুল ইসলাম
সাতক্ষীরা সদর



ডাঃ আক্তারুজ্জামান
সাতক্ষীরা সদর


# কার্যনির্বাহী পরিষদ
## (২০২৩-২০২৪ইং কার্যবর্ষ)



মোঃ রফিকুল ইসলাম খান
সভাপতি (ভারপ্রাপ্ত)



ইকবাল মাসুদ
সাধারণ সম্পাদক



মোঃ সামছুল আলম
সহ-সভাপতি-২



মোঃ কামরুজ্জামান
সহ-সভাপতি-৩



কাজী সিদ্দীকুর রহমান
সহ-সভাপতি-৪



মুহাম্মদ আমজাদ হোসেন
সহ-সভাপতি-৫



রেজাউল হক রেজা
ট্রেজারার



এ্যাডঃ মোঃ হুমায়ুন কবীর (বাদশা)
যুগ্ম-সাধারণ সম্পাদক-১



স ম মেহেদী হাসান
যুগ্ম-সাধারণ সম্পাদক-২



মোঃ শাহাজান আলী
যুগ্ম অর্থ সম্পাদক



মুন্সী আব্দুর রাফেদ
সাংগঠনিক সম্পাদক



মোঃ শফিকুল ইসলাম শফিক
সম্পাদক সমাজকল্যাণ ও উন্নয়ন



মোঃ আফতাবুজ্জামান
সম্পাদক শিক্ষা



সিরাজুল ইসলাম খান (সিরাজ)
সম্পাদক ক্রীড়া



শিমুল পারভীন পারভেজ
সম্পাদক সাহিত্য ও সাংস্কৃতিক



মোঃ আলতাব হোসেন
সম্পাদক তথ্য ও প্রচার



কাজী মাহবুবা বানু
সম্পাদক মহিলা ও শিশু

# কার্যনির্বাহী পরিষদ

(২০২৩-২০২৪ইং কার্যবর্ষ)




জিএম হাফিজুর রহমান
সম্পাদক মুদ্রণ ও প্রকাশনা



রবিউল ইসলাম রবি
সম্পাদক আশ্রয় ও সাহায্য



আলমগীর হোসেন
সম্পাদক সেবা ও চিকিৎসা



মো: মহিদুর রহমান
সম্পাদক কর্মসংস্থান



এ্যাডঃ লুৎফর রহমান
সম্পাদক আইন



এস এম শরীফুজ্জামান (শরীফ)
সদস্য কার্যনির্বাহী পরিষদ



শেখ শরীফ উল্লাহ
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মো: আব্দুস সবুর
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মো: শহিদুজ্জামান (রিপন)
সদস্য কার্যনির্বাহী পরিষদ



শেখ রুহুল আমিন
সদস্য কার্যনির্বাহী পরিষদ



আমিরুল ইসলাম
সদস্য কার্যনির্বাহী পরিষদ



এস, এম, মাজহারুল আনোয়ার
সদস্য কার্যনির্বাহী পরিষদ



আব্দুর রহমান
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মোস্তফা বদরুজ্জামান
সদস্য কার্যনির্বাহী পরিষদ



আশুতোষ সরকার
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মো: আতাউর রহমান
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মো: রেসালাত কবির
সদস্য কার্যনির্বাহী পরিষদ



মো: শাহজাহান আলী
সদস্য কার্যনির্বাহী পরিষদ



এম এম আব্দুল হালিম
সদস্য কার্যনির্বাহী পরিষদ

## সভাপতিগণ ও সাধারণ সম্পাদকগণ
### (১৯৪৬ থেকে ২০২২ইং পর্যন্ত)

| ক্র.নং | সভাপতি | সাধারণ সম্পাদক | কার্যকাল |
|---|---|---|---|
| ১ | হজরত খানবাহাদুর আহ্ছানউল্লা (রঃ) | এইচ এস বি মুনসুর আহমেদ | ১৯৪৬-১৯৫৭ইং |
| ২ | এ ডব্লিউ খান চৌধুরী | এইচ এস বি মুনসুর আহমেদ | ১৯৫৮-১৯৫৯ইং |
| ৩ | এ ডব্লিউ খান চৌধুরী | ওজিহার রহমান | ১৯৬০-১৯৬৫ইং |
| ৪ | অধ্যাপক ডাঃ এম আর খান | মোঃ আব্দুল হাই | ১৯৬৬-১৯৬৭ইং |
| ৫ | অধ্যাপক ডাঃ এম আর খান | মোফাজ্জেলুল করীম | ১৯৬৮-১৯৬৯ইং |
| ৬ | প্রকৌশলী এম এ জব্বার | মোফাজ্জেলুল করীম | ১৯৭০-১৯৭৫ইং |
| ৭ | প্রকৌশলী এম এ জব্বার | মোঃ আতিয়ার রহমান | ১৯৭৬-১৯৭৯ইং |
| ৮ | প্রকৌশলী খলিলুর রহমান | মোঃ আতিয়ার রহমান | ১৯৮০-১৯৮১ইং |
| ৯ | প্রকৌশলী খলিলুর রহমান | শেখ সাজেদুর রহমান | ১৯৮২-১৯৯৩ইং |
| ১০ | মোঃ হাবিবুর রহমান | শেখ সাজেদুর রহমান | ১৯৯৪-১৯৯৫ইং |
| ১১ | মোঃ হাবিবুর রহমান | শেখ আবুল হাছান (ভারপ্রাপ্ত) | ১৯৯৬-১৯৯৭ইং |
| ১২ | মোঃ হাবিবুর রহমান | মোঃ রেজওয়ান খান মুন্না | ১৯৯৮-২০০২ইং |
| ১৩ | সৈএদ শাহেদ আলী | মোঃ রেজওয়ান খান মুন্না | ২০০৩-২০০৪ইং |
| ১৪ | শেখ শাফী আহমাদ | মোঃ রেজওয়ান খান মুন্না | ২০০৫-২০০৭ইং |
| ১৫ | শেখ আনিছুর রহমান | প্রকৌ. মাহমুদুল হাসান সেতু | ২০০৮ইং |
| ১৬ | মোহাম্মদ ফখরুদ্দিন | প্রকৌ. মাহমুদুল হাসান সেতু | ২০০৮-২০১১ইং |
| ১৭ | ডাঃ এম এ জলিল | প্রকৌ. মাহমুদুল হাসান সেতু | ২০১২-২০১৪ইং |
| ১৮ | মোঃ রেজওয়ান খান মুন্না | ইকবাল মাসুদ | ২০১৫-২০১৭ইং |
| ১৯ | মোঃ রেজওয়ান খান মুন্না | এ্যাডঃ মোঃ সহিদুল হক | ২০১৮-২০২০ইং |
| ২১ | এম খলিলুল্লাহ ঝড়ু | মোঃ সামছুল আলম | ২০২০-২০২২ইং |
| ২২ | এম খলিলুল্লাহ ঝড়ু | ইকবাল মাসুদ | ২০২২-২০২৩ইং |
| ২৩ | মো: রফিকুল ইসলাম খান (ভারপ্রাপ্ত সভাপতি) | ইকবাল মাসুদ | ২০২৩-২০২৫ইং |





## যাত্রাবাড়ী, সায়েদাবাদ, মানিকনগর, আব্দুল্লাহপুর

* শ্যামলী * গাবতলী * সাভার * নবীনগর* যশোর * মনিরামপুর *
কেশবপুর * নাভারন * কলারোয়া * সাতক্ষীরা * কালীগঞ্জ * শ্যামনগর

কাউন্টার যোগাযোগঃ মানিকনগর- ০১৪০১ ১২৩১৬০, ০১৪০১ ১২৩১৬১, ০১৪০১ ১২৩১৬২
মালিবাগ- ০১৪০১ ১২৩১৫৯, যাত্রাবাড়ী- ০১৪০১ ১২৩১৬৫, সায়েদাবাদ (১)- ০১৪০১ ১২৩১৬৩
সায়েদাবাদ (২)- ০১৪০১ ১২৩১৬৪, শ্যামলী- ০১৪০১ ১২৩১২৬-২৭, গাবতলী- ০১৪০১ ১২৩১২৮
সাতক্ষীরা- ০১৪০১ ১২৩১৪৩-৪৬, শ্যামনগর- ০১৪০১ ১২৩১৫০, আবদুল্লাহপুর- ০১৪ ০১১২ ৩১৬৭
আজমপুর- ০১৮ ৪৮৩০ ৮৯৫৩, কুড়িল বিশ্বরোড- ০১৬ ২১১৭ ১১১৩, নর্দা- ০১৯ ৭২১১ ০৩৮৬
রামপুরা-০১৫ ৫৮৯৫ ৮৮৩৪, মালিবাগ- ০১৯ ১১৬২ ৭৪৩৩, মানিকনগর-০১৪ ০১১২ ৩১৬০-৬১